

# Times Today BD

রিয়া আক্তার | ক্যাম্পাস | 14 May, 2025

কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের (কুবি) বিজয়-২৪ হল থেকে মাদকদ্রব্য উদ্ধারের ঘটনায় চার শিক্ষার্থীকে বিশ্ববিদ্যালয় থেকে সাময়িক বহিষ্কার করা হয়েছে। পাশাপাশি অভিযোগ তদন্তে চার সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

বুধবার (১৪ মে) বিষয়টি নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের প্রক্টর এবং শৃঙ্খলা কমিটির সদস্য সচিব অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম।

সাময়িক বহিষ্কৃত চার শিক্ষার্থী হলেন-কম্পিউটার বিজ্ঞান ও প্রকৌশল বিভাগের ২০১৬-১৭ শিক্ষাবর্ষের শিক্ষার্থী ওয়াসিফুল ইসলাম সাদিফ, একই শিক্ষাবর্ষের লোকপ্রশাসন বিভাগের আরিফ আশহাফ, ফার্মেসি বিভাগের ২০২০-২১ শিক্ষাবর্ষের সাইফ হাসান জিদনী এবং প্রত্নতত্ত্ব বিভাগের ২০২১-২২ শিক্ষাবর্ষের শিক্ষার্থী শাকিল খান।

অভিযোগ তদন্তে চার সদস্য কমিটির আহ্বায়ক শহীদ ধীরেন্দ্রনাথ দত্ত হলের প্রভোস্ট মোঃ জিয়া উদ্দিন। সদস্য সচিব বিজয়-২৪ হলের প্রভোস্ট ড. মাহমুদুল হাছান খান। এছাড়াও দুই সদস্য হলেন বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর ড. নাহিদা বেগম নওয়াব ফয়জুন্নেছা চৌধুরাণী হলের প্রভোস্ট ড. সুমাইয়া আফরীন সানি।

এবিষয়ে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর অধ্যাপক ড. মোঃ আবদুল হাকিম বলেন, 'মাদকের সাথে সম্পৃক্ততায় চার শিক্ষার্থীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে এবং তাদের বিরুদ্ধে চার সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। তদন্ত কমিটির রিপোর্ট আসা পর্যন্ত তারা একাডেমি কার্যক্রমে অংশগ্রহণ করতে পারবে না। পাশাপাশি ইতিমধ্যেই তাদেরকে হল ছাড়ার নির্দেশ দেয়া হয়েছে।'

উল্লেখ্য, গত ৭ মে (বুধবার) অভিযুক্ত চার শিক্ষার্থীকে হল ছাড়ার নির্দেশ দেন বিজয়-২৪ হলের প্রভোস্ট ড. মোহাম্মদ মাহমুদুল হাসান খাঁন।

বিশ্ববিদ্যালয় শিক্ষার্থী কুমিল্লা বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 19:26

URL: <https://www.timestodaybd.com/campus/9699142468>